

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ছাত্র-উপদেষ্টা দপ্তর

বিজ্ঞপ্তি

পত্রনং- ১০২৪৮/ছা:উ:

তারিখ : ১৬.১১.২০১৯

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যকারিতার জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনি কোটায় ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে ভর্তির জন্য নিম্নলিখিত তারিখ ও সময়-সূচি অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয় শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্রে নির্বাচনী সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে:

মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনি কোটা:

তারিখ	সাক্ষাৎকারে উপস্থিত ক্রমিক	সময়
১৯ নভেম্বর ২০১৯	১ থেকে ৪২০ পর্যন্ত	সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত
২০ নভেম্বর ২০১৯	৪২১ থেকে ৮৪০ পর্যন্ত	সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত
২১ নভেম্বর ২০১৯	৮৪১ থেকে ১১৭৩ পর্যন্ত	সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত

বিঃদ্র:

১) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র অথবা নম্বরপত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড ও রেজিস্ট্রেশন কার্ডের রোল নম্বর সংবলিত ফটোকপি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধার মূল সনদপত্র, লাল মুক্তিবর্তা, গেজেট, সম্মানী ভাতা প্রাপ্তির প্রমাণসহ ছাত্র/ছাত্রীকে নির্বাচনী সাক্ষাৎকারে অভিভাবকসহ যথাসময়ে উপস্থিত হতে হবে।

এছাড়া নাতি-নাতনিদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র অথবা নম্বরপত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড ও রেজিস্ট্রেশন কার্ডের রোল নম্বর সংবলিত ফটোকপি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধার মূল সনদপত্র, লাল মুক্তিবর্তা, গেজেট, সম্মানী ভাতা প্রাপ্তির প্রমাণ, নাতি/নাতনি প্রমাণের জন্য নিজের জাতীয় পরিচয়পত্র (যদি থাকে), দাদা/নানা, দাদী/নানী এবং বাবা/মা-এর জাতীয় পরিচয়পত্র, নাতি-নাতনি প্রমাণের জন্য এডিসি/ ইউএনও/ জেলা পরিষদ চেয়ারম্যান/ উপজেলা চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র নিয়ে অভিভাবকসহ আসতে হবে।

২) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনি কোটায় সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ছাত্র-ছাত্রীদের তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.ru.ac.bd তে পাওয়া যাবে।

৩) প্রাথমিকভাবে সাক্ষাৎকারের জন্য নির্বাচিত কোন ছাত্র-ছাত্রীর একাধিক ইউনিটে নাম থাকলে ও একবার সাক্ষাৎকারে অংশগ্রহণ করলে সে সবকটি ইউনিটে উপস্থিত হয়েছে বলে বিবেচিত হবে।

৪) মা অথবা নানী/দাদীর জাতীয় পরিচয়পত্রে পিতা অথবা নানা/দাদার নাম উল্লেখ না থাকে তবে তা প্রমাণের জন্য এডিসি/ ইউএনও/ জেলা পরিষদ চেয়ারম্যান/ উপজেলা চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র নিয়ে অভিভাবকসহ আসতে হবে।

৫) উল্লিখিত সকল কাগজ পত্রের ১ সেট ফটোকপি সাক্ষাৎকারের সময় জমা দিতে হবে।

(প্রফেসর ড. লায়লা আরজুমান বানু)

সদস্য-সচিব

মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনি নির্বাচন কমিটি ২০১৯-২০২০

ও

ছাত্র-উপদেষ্টা

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ফোন: ০৭২১-৭১১০২৪

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ছাত্র-উপদেষ্টা দপ্তর

পত্র নং- ১০২৪৯/ছা:উ:

তারিখ: ১৪.১১.২০১৯

পরিচালক
আইসিটি সেন্টার
রাজশাহী বিশ্ববিদ্যালয়

বিষয় : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট-এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনি কোটায় সাক্ষাৎকারের বিজ্ঞপ্তি ও তালিকা প্রকাশ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের সাক্ষাৎকারের বিজ্ঞপ্তি ও সাক্ষাৎকারের তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.ru.ac.bd-তে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করছি। এই সাথে এক কপি বিজ্ঞপ্তিসহ সফট কপি প্রেরিত হলো।

আন্তরিক ধন্যবাদসহ-

আপনার বিশ্বস্ত,

(প্রফেসর ড. লায়লা আরজুমান বানু)

সদস্য-সচিব

মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি নির্বাচন কমিটি ২০১৯-২০২০

ও

ছাত্র-উপদেষ্টা

রাজশাহী বিশ্ববিদ্যালয়